অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) পুরো নিউ ইয়র্কে দাবানলের মোকাবেলা করতে স্টেটের রিসোর্স পাঠালেন এবং বাতাসের মানের ব্যাপারে আপডেট দিলেন

আলস্টার, সালিভ্যান এবং অরেঞ্জ কাউন্টিতে আগুন সামাল দিতে স্টেট রিসোর্স পাঠিয়েছে

দাবানল ঠেকাতে রেসিডেন্সিয়াল ব্রাশ বার্নিং নিষিদ্ধ করা হয়েছে

এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি জারি করা হয়েছে; এটি NYC এলাকায় সেন্সিটিভ গ্রুপের জন্য অস্বাস্থ্যকর পর্যায়ে পৌঁছাতে পারে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্ক স্টেটে (New York State) জ্বলতে থাকা দাবানলের ব্যাপারে আপডেট দিয়েছেন এবং আলস্টার (Ulster), সালিভ্যান (Sullivan) এবং অরেঞ্জ (Orange) কাউন্টিতে আগুন সামাল দিতে স্থানীয় ফায়ার ডিপার্টমেন্ট এবং ফার্স্ট রেস্পন্ডারদের সাথে কাজ করার জন্য একটি মাল্টি-এজেন্সি দল পাঠিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট একটি এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি (Air Quality Health Advisory) জারি করেছে, কারণ ধোঁয়ার ফলে বেড়ে যাওয়া ফাইন পার্টিকুলেট ম্যাটার (Particulate Matter, PM) এমন পর্যায়ে পৌঁছাতে পারে যা নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) মেট্রো এলাকার সেন্সিটিভ গ্রুপের জন্য অস্বাস্থ্যকর হবে। নিউ ইয়র্কবাসীদের উচিত প্রভাবিত এলাকার আশেপাশের স্থানীয় পূর্বাভাস এবং বাতাসের মান মনিটর করতে থাকা।

"এখনকার খরার পরিস্থিতির কারণে পুরো স্টেটে অনেকগুলি দাবানল হয়েছে, এবং এই আগুনের সাথে লড়াই করার জন্য এবং সেই সাথে এর ফলে বাতাসের মান কেমন হবে তা কাছ থেকে মনিটর করার জন্য স্থানীয় ফার্স্ট রেস্পন্ডারদের সাথে কাজ করতে আমরা স্টেটের অ্যাসেট ও এজেন্সিকে পাঠিয়েছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সব নিউ ইয়র্কবাসীর নিরাপত্তা আমার শীর্ষ অগ্রাধিকার, এবং প্রভাবিত এলাকার সবাইকে, বিশেষ করে যারা দুর্বল তাদেরকে সতর্ক থাকতে, বাতাসের মান মনিটর করতে, এবং নিরাপদ থাকার জন্য প্রয়োজনীয় সতর্কতা গ্রহণ করতে আমি তাগাদা দিচ্ছি।"

বর্তমানে ক্যাটস্কিলস (Catskills), হাডসন ভ্যালি (Hudson Valley), এবং লং আইল্যান্ডে (Long Island) দাবানলের বড় ঝুঁকি রয়েছে। তাপ এবং আর্দ্রতার মাত্রার মতো আবহাওয়ার পরিস্থিতি দিয়ে আগুনের বিপদ বোঝা যায়। বৃষ্টির অভাব এবং এখনকার বাতাসের পরিস্থিতির কারণে

আগুনের ঝুঁকি বাড়ছে। আগুনের বিপদের বিভিন্ন ধরণ সম্পর্কে আরো জানা যাবে ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) ফায়ার ডেঞ্জার ম্যাপ ওয়েবসাইটে। ঘরের বাইরে জ্বালানো যেকোনো আগুন দ্রুত ছড়িয়ে পড়তে পারে, বিশেষ করে যদি বাতাস বেড়ে যায়। নিউ ইয়র্ক স্টেটের কোনো জায়গায় পাতা পোড়ানো অবৈধ। নির্দিষ্ট একটি মাপের ব্রাশ পোড়ানো যেতে পারে। বর্তমানে অনেক মিউনিসিপ্যালিটিতে পোড়ানো নিষিদ্ধ করা হয়েছে এবং নিজেদের স্থানীয় মিউনিসিপ্যালিটিতে পোড়ানো নিষিদ্ধ কিনা তা চেক করার জন্য বাসিন্দাদের বলা হচ্ছে।

আলস্টার এবং সালিভ্যান কাউন্টির দ্য হোয়াইটহাউজ ফায়ার (The Whitehouse Fire) প্রায় 300 থেকে 400 একর জায়গায় হচ্ছে এবং এটি বাড়বে বলে আশঙ্কা করা যাচ্ছে। ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের ফরেস্ট রেঞ্জাররা সাড়াদানকে কোঅর্ডিনেট করছে, যার মধ্যে আলস্টার ও সালিভ্যান কাউন্টির 13টি ফায়ার ডিপার্টমেন্টের 70 জন কর্মী কাজ করছে। এখন পর্যন্ত বাধ্যতামূলক কোনো ইভাকুয়েশন হয়নি। জনগণের নিরাপত্তা রক্ষা করতে এবং আগুনের সাড়াদানে সাহায্য করতে, DEC এর সানডাউন ওয়াইল্ড ফরেস্টের (Sundown Wild Forest) বেঙ্গল হিল ট্রেইল (Bengal Hill Trail) এবং ডেনিং (Denning) টাউনের পিকামুজ রোড (Peekamoose Road) আগুনের সাড়াদানের পুরো সময় বন্ধ থাকবে। নিউ জার্সির (New Jersey) দাবানলগুলিও ধোঁয়ার কারণে স্থানীয় বাতাসের মানের আরো ক্ষতি করছে।

অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক কনজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Conservation, OPRHP) এখন অরেঞ্জ কাউন্টির স্টার্লিং ফরেস্ট স্টেট পার্কের (Sterling Forest State Park) দুইটি আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

থ্রি পার্কের (Three Park) ফরেস্ট রেঞ্জাররা এবং সেই সাথে 24জন পার্ক অপারেশন কর্মী প্রায় 300 একরের আগুনের সাথে লড়াই করছে যা লেক টু লেক ট্রেইল (Lake to Lake Trail) এবং ওয়েস্ট ভ্যালি ট্রেইলের (West Valley Trail) ইন্টারসেকশনের কাছে শুরু হয়েছে এবং নিউ জার্সি পর্যন্ত ছড়িয়ে গেছে। 1 জন পার্ক ফরেস্ট রেঞ্জার এবং 5 জন পার্ক অপারেশন কর্মীর দ্বিতীয় একটি ক্রু ওয়েস্ট মোমবাশা রোড (West Mombasha Road) এবং অ্যাপালেশিয়ান ট্রেইলের (Appalachian Trail) কাছের প্রায় 9 একরের দ্বিতীয় একটি আগুনের সাথে লড়াই করছে। পার্কের সাউদার্ন এলাকার ট্রেইলগুলি বন্ধ আছে।   পার্কে বেড়াতে যাওয়া মানুষের উচিত এই এলাকা এড়িয়ে চলা এবং আউটডোর বিনোদনের জন্য অন্য জায়গা খুঁজে নেওয়া।

সালিভ্যান/আলস্টার কাউন্টির সীমানায় জেনিংস ক্রিক আগুনের সাথে এই সাড়াদানকে কোঅর্ডিনেট করার জন্য পার্কের ফরেস্ট রেঞ্জাররা DEC এর ফরেস্ট রেঞ্জারদের সাথে সরাসরি যোগাযোগ করছে। আগুনটি বর্তমানে প্রায় 100 একর জুড়ে আছে এবং কোনো কাঠামোর ক্ষতি করছে না।

দাবানলের কাছাকাছি অবস্থিত হওয়ার কারণে ওয়াইল্ডউড, ব্রুকহাভেন, এবং হ্যালোক স্টেট পার্ক এবং লং আইল্যান্ডের অন্যান্য স্থানে ফায়ার ওয়াচ এবং সাড়াদান দায়িত্বের জন্য DEC এবং OPRHP কর্মী নিয়োগ করেছে।

যেসব এজেন্সি কাজ করছে:

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ

অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল, অফিস অফ ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এবং অফিস অফ ইন্টারঅপারেবল অ্যান্ড ইমার্জেন্সি কমিউনিকেশন্সের সদস্যসহ দশজন কর্মী আলস্টার কাউন্টির সাইটে রয়েছে। সাড়াদানের মধ্যে রয়েছে:

- পোর্টেবল রেডিও টাওয়ার
- আরো সরঞ্জামসহ স্যাটেলাইট যোগাযোগ ট্রাক
- একটি চাকাযুক্ত AT&T/FirstNet সাইট যা সেলুলার 911 ক্ষমতাসহ সেলুলার সেবা দিচ্ছে

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police)

পানির ফোঁটা ব্যবহার করে এই দাবানলের সাথে লড়াই করতে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police, NYSP) দুইটি হেলিকপ্টার ব্যবহার করছে। স্টেট পুলিশের কর্মীরা কমান্ড পোস্টে থেকে অ্যাসেট কোঅর্ডিনেট করতে সাহায্য করছে।

অরেঞ্জ কাউন্টির ওয়ারউইক টাউনের জেনিংস ক্রিকের আগুন স্টার্লিং ফরেস্ট স্টেট পার্ককেও প্রভাবিত করছে। আগুনটি বর্তমানে প্রায় 100 একর জুড়ে আছে এবং কোনো কাঠামোর ক্ষতি করছে না। স্থানীয় ও স্টেটের সাপোর্টের সাথে DEC এর ফরেস্ট রেঞ্জাররা সাড়াদানকে কোঅর্ডিনেট করছে।

দাবানলের ছড়িয়ে পড়া মনিটর করতে স্টেট পুলিশ মানুষ ছাড়া এরিয়াল সিস্টেমও (ড্রোন) ব্যবহার করছে। স্টেট পুলিশ জনগণকে ক্ষতিগ্রস্ত এলাকায় ড্রোন ব্যবহার না করতে বলেছে, কারণ তারা জটিল এরিয়াল সাপোর্ট এবং জনগণের নিরাপত্তার প্রয়াসকে বিঘ্নিত করতে পারে।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

সালিভ্যান/আলস্টার কাউন্টির সীমানায় আগুনের সাথে এই সাড়াদানকে কোঅর্ডিনেট করার জন্য পার্কের ফরেস্ট রেঞ্জাররা DEC এর ফরেস্ট রেঞ্জারদের সাথে সরাসরি যোগাযোগ করছে।

দাবানলের কাছাকাছি অবস্থিত হওয়ার কারণে ওয়াইল্ডউড, ব্রুকহাভেন, এবং হ্যালোক স্টেট পার্ক এবং লং আইল্যান্ডের অন্যান্য স্থানে ফায়ার ওয়াচ এবং সাড়াদান দায়িত্বের জন্য OPRHP কর্মী নিয়োগ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ

নিউ ইয়র্ক এবং নিউ জার্সির আগুনের ধোঁয়ার কারণে DEC এবং স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH) একটি এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি জারি করেছে, কারণ ধোঁয়ার ফলে বেড়ে যাওয়া ফাইন পার্টিকুলেট ম্যাটার এমন পর্যায়ে পৌঁছাতে পারে যা নিউ ইয়র্ক সিটির মেট্রো এলাকার সেন্সিটিভ গ্রুপের জন্য অস্বাস্থ্যকর হবে। এই স্তরে, সংবেদনশীল গ্রুপগুলির সদস্যরা স্বাস্থ্যের প্রভাব অনুভব করতে পারেন। এতে সাধারণ

মানুষদের ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা নেই। যখন ওজোন বা সূক্ষ্ম কণা পদার্থ (PM2.5) বায়ুর গুণমান সূচক (Air Quality Index, AQI) মান 100 ছাড়িয়ে যাবে বলে আশা করা হয় তখন DEC এবং DOH বায়ুর গুণমান স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ জারি করে। ইমেইলের মাধ্যমে অ্যাডভাইজরি পাওয়ার জন্য সাবস্ক্রাইব করতে, এখানে ক্লিক করুন।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health, DOH) প্রয়োজন হলে সতর্কতা অবলম্বনের পরামর্শ দিচ্ছে। ঝুঁকি হ্রাস করার জন্য ব্যক্তিরা যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করতে পারে:

- যখন AQI এর মান 100 এর বেশি হয় ('সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর'), দুর্বল গোষ্ঠীর নিউ ইয়র্কবাসীদের বাইরে পরিশ্রম করা এড়ানো উচিত এবং বাইরের সংস্পর্শে এলে উপসর্গগুলোর দিকে নজর রাখা উচিত। দুর্বল ব্যক্তিদের মধ্যে রয়েছে কার্ডিওভাসকুলার রোগ (যেমন, কনজেস্টিভ হার্ট ফেলিউর, পূর্বের হার্ট অ্যাটাকের ইতিহাস) বা ফুসফুসের রোগ (যেমন, হাঁপানি, দীর্ঘস্থায়ী পালমোনারি ডিজিজ), সেইসাথে 18 বছরের কম বয়সী শিশু, 65 বছর বা তার বেশি বয়সী এবং গর্ভবতীরা।
- যখন AQI এর মান 150 এর বেশি হয় ('অস্বাস্থ্যকর'), তখন সমস্ত নিউ ইয়র্কবাসীদের বাইরের কঠিন কাজগুলো এড়ানো উচিত এবং যারা দুর্বল গোষ্ঠীতর অন্তর্ভুক্ত রয়েছে তাদের বাইরের এক্সপোজার এড়ানো উচিত, বিশেষ করে গর্ভবতীদের যারা সহজেই শ্বাসকষ্টে ভুগতে পারেন। এছাড়াও, কিছু কর্মী যারা দুর্বল তাদের বাড়ির ভিতরে কাজ করা উচিত এবং ক্যাম্পের পরিচালকদের তাদের স্থানীয় AQI পূর্বাভাস এবং সতর্কতার স্তর জানতে হবে এবং AQI নির্দেশিকা অনুসরণ করতে হবে।
- যখন AQI এর মান 200 এর বেশি হয় ('অত্যন্ত অস্বাস্থ্যকর'), দুর্বল গোষ্ঠীগুলোকে বাইরের সমস্ত শারীরিক কার্যকলাপ এড়িয়ে চলতে হবে এবং ক্রিয়াকলাপগুলোকে পুনঃনির্ধারণ করা উচিত বা বাড়ির ভিতরে স্থানান্তর করা উচিত। অন্য সকলের দীর্ঘ বা বাইরের কঠিন কাজগুলো এড়ানো উচিত।
- যখন AQI এর মান 300 এর বেশি হয় ('বিপজ্জনক') এর বেশি হয়, তখন সমস্ত নিউ ইয়র্কবাসীকে বাইরের শারীরিক কার্যকলাপ এড়িয়ে চলতে হবে।

বাতাসের কারণে অঞ্চলে ধোঁয়া আসতে থাকবে বলে আশঙ্কা আছে এবং সন্ধ্যার দিকে বাতাস কমে গেলে বা বাতাস ঠাণ্ডা হলে তা বদলাতে পারে। দাবানলের ধোঁয়ার মধ্যে অনেক দূষক আছে, যেমন পার্টিকুলেট ম্যাটার এবং কার্বন মনোক্সাইড, যার ফলে চোখ, নাক, এবং গলার জ্বালাপোড়া, হাঁপানি, কাশি, এবং নিঃশ্বাস নিতে কষ্ট হতে পারে। অনেক ভারী ধোঁয়ার এক্সপোজার আগে থেকে থাকা স্বাস্থ্য সমস্যা বাড়িয়ে দিতে পারে, যার মধ্যে আছে অ্যাজমার অ্যাটাক শুরু করে দেওয়া এবং অন্য অনেক ফুসফুস ও হৃদরোগের প্রভাব বাড়িয়ে দেওয়া। কমবয়সী শিশুদের ফুসফুসে ধোঁয়ার ক্ষতিকর প্রভাবের কারণে বিশেষ করে ক্ষতি হতে পারে কারণ এটি তাদের বেড়ে উঠার সময়।

ধোঁয়ার এক্সপোজার কমানোর উপায়ের মধ্যে আছে:

- **আপনার বাতাস সম্পর্কে সচেতন হন:** কাজ, ব্যায়াম, বা বাচ্চাদের নিয়ে পার্কে যেতে বের হওয়ার আগে AQI পূর্বাভাস চেক করে নিন এবং বাতাসের মান ভালো না হলে সেই অনুযায়ী আপনার ঘরের বাইরের কাজগুলি বদলে নিন। বাতাসের মানের অ্যালার্টসহ ইমেইল পেতে সাইন আপ করে সব আগে থেকে প্ল্যান করুন।
- **ঘরের ভেতরে থাকুন:** দরজা জানালা বন্ধ রাখুন এবং ঘরের ভেতরের বাতাস পরিষ্কার রাখুন। ঘরের ভেতর ধোঁয়া ঢুকে গেলে, পোর্টেবল এয়ার ক্লিনার কিনে নিন বা নিজে বানিয়ে নিন যাতে ঘরের ভেতরের পার্টিকল কমানো যায়, বা আপনার HVAC সিস্টেমে HEPA এয়ার ফিল্টার ব্যবহার করুন।
- **মাস্ক পড়ুন:** ঘরের বাইরে যেতেই হলে, ঠিকভাবে পড়া N95 মাস্ক বড় ধোঁয়ার পার্টিকল ফিল্টার করতে পারে, যা আপনার নিঃশ্বাসের সাথে নেওয়া PM এর পরিমাণ কমাতে পারবে।
- **কঠিন কাজ করবেন না:** ঘরের বাইরের এমন কঠিন কাজ করবেন না যার কারণে আপনার শ্বাস ফুলতে পারে।
- **দুর্বলদের রক্ষা করুন:** শিশুদের কেয়ারটেকার, বয়স্ক মানুষ, এবং যাদের অ্যাজমা আছে তাদের বিশেষভাবে সাবধান হতে হবে। তাদের নিরাপদ রাখার জন্য AQI যখন বেড়ে যাবে তখন ঘরের বাইরের কাজকর্ম কম করতে হবে।
- **আপনার চারপেয়ে বন্ধুদের যত্ন নিন:** মানুষের মতোই নাক, চোখ, গলা, এবং ফুসফুসের জ্বালাপোড়া থেকে আপনার পোষাপ্রাণীকে বাঁচানোর জন্য তাদেরকে বাইরে পাঠাতে হলে কম সময়ের জন্য পাঠান।

যারা বাইরে সময় কাটান, যখন বাতাসের গুণমান অস্বাস্থ্যকর হয়, তাদের জন্য উপযুক্ত ফেস মাস্ক পরার পরামর্শ দেওয়া হয়। একটি N95 বা KN95 সবথেকে ভালো কাজ করবে। নিউ ইয়র্ক স্টেটের বাতাসের মানের পূর্বাভাসের ব্যাপারে আরো জানা যাবে এখানে। আপনার অবস্থানের এখনকার বাতাসের মান চেক করতে, www.airnow.gov এ যান।

নিয়ন্ত্রণ ছাড়া দাবানলের কারণে জমি, সম্পত্তি, এবং বাতাসের অনেক ক্ষতি হতে পারে। নিউ ইয়র্ক স্টেটের 95 ভাগ দাবানলের কারণ মানুষের কাজ। দাবানলের ঝুঁকি কমানোর জন্য আমরা অনেক ব্যবস্থা নিতে পারি। ঘরের বাইরে ক্যাম্পফায়ার উপভোগ করার আগে, আপনার এলাকার ফায়ার ডেঞ্জার ম্যাপ চেক করুন এবং নিউ ইয়র্ক স্টেটের ওপেন বার্নিং নিয়ম পড়ে নিন। আমাদের বাতাস পরিষ্কার রাখতে এবং ভবিষ্যতে সহজে নিঃশ্বাস নেওয়ার ব্যাপারে সাহায্য করতে দাবানল আগে থেকেই ঠেকাতে হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন